
অজানা
শপথ

সত্য ঘটনার পটভূমিকায় "সন্ন্যাসী" নাটক অবলম্বনে

দিলীপ সরকার প্রযোজিত

সরকার প্রোডাকসন্স প্রাঃ লিঃ—এর নিবেদন

# অজানা শপথ

॥ কাহিনী, চিত্রনাট্য, সংলাপ ও পরিচালনা : **সলিল সেন** ॥

॥ সঙ্গীত পরিচালনা : **হেমন্ত মুখোপাধ্যায়** ॥

চলচ্চিত্রায়ণ : বিমল মুখোপাধ্যায় ॥ শব্দানুলেখন : অতুল চট্টোপাধ্যায় ও নৃপেন পাল ॥ সংগীতানুলেখন : শ্যামসুন্দর ঘোষ ॥ সম্পাদনা : সুবোধ রায় ॥ শিল্প-নির্দেশনা : কার্তিক বসু ॥ গীত-রচনা : পুলক বন্দ্যোপাধ্যায় ও মিন্টু ঘোষ ॥ নেপথ্য-সংগীত : হেমন্ত মুখোপাধ্যায় ও আরতি মুখোপাধ্যায় ॥ রূপ-সজ্জা : অনন্ত দাস ॥ সাজ-সজ্জা : সিনে ড্রেস্, দাশরথি দাস ॥ প্রধান কর্মসচিব : রতন চক্রবর্তী ॥ ব্যবস্থাপনা : শান্তি শেখর চৌধুরী ॥ স্থিরচিত্র : এডনা লরেঞ্জ ॥ ষ্টুডিও তত্বাবধান : ভোলা ভট্টাচার্য ॥ পরিচয় লিখন : নিতাই বসু ॥ প্রচার অঙ্কন : এস্, স্কোয়ার ॥ প্রচার সচিব : নিতাই দত্ত ॥ প্রচার-উপদেষ্টা : শ্রীপঞ্চানন ॥

## ॥ সহকারীবৃন্দ ॥

পরিচালনায় : বিমল চক্রবর্তী, বিদ্যুৎ ভট্টাচার্য ॥ সুর-সংযোজনায় : সমরেশ রায়, নিখিল চট্টোপাধ্যায় ॥ চলচ্চিত্রায়ণে : ঝিন্টু দত্ত, বীরেন মুখোপাধ্যায় ॥ শব্দানুলেখনে : রথীন ঘোষ, অনিল নন্দন ॥ শব্দ-পুনর্লিখনে : জ্যোতি চট্টোপাধ্যায় ॥ সম্পাদনায় : নিমাই রায় ॥ শিল্প-নির্দেশনায় : রবি দত্ত ॥ রূপ-সজ্জায় : বিজয় নন্দন, পরেশ দাশ ॥ ব্যবস্থাপনায় : বিজয় দাস ।

**রূপায়ণে : মাধবী মুখোপাধ্যায়, সৌমিত্র চট্টোপাধ্যায়**

দিলীপ রায়, সোমেন চক্রবর্তী, পাহাড়ী সান্যাল, ছায়া দেবী, রেবা দেবী, রেণুকা রায়, সত্য বন্দ্যোপাধ্যায়, প্রসাদ মুখোপাধ্যায়, জহর রায়, সলিল দত্ত, সীতা মুখোপাধ্যায়, হরিধন মুখোপাধ্যায়, অজিত চট্টোপাধ্যায় চন্দ্রিমা পাল, সুপ্রিয়া দত্ত, জয়নারায়ণ মুখোপাধ্যায়, বঙ্কিম ঘোষ, রণজিৎ সেন, পঙ্কজকুমার, অশোক মুখোপাধ্যায়, প্রণব পাল, রসরাজ চক্রবর্তী, দেবী নিয়োগী, ভবরূপ ভট্টাচার্য, মুকুন্দ চট্টোপাধ্যায়, রথীন ঘোষ, মৃত্যুঞ্জয় মুখোপাধ্যায়, সুশীল চক্রবর্তী, মিন্টু চক্রবর্তী, শম্ভু ভট্টাচার্য, খগেন পাঠক, ভানু বসু, ঋষি বন্দ্যোপাধ্যায়, সুখরঞ্জন দাশগুপ্ত, সুবল দত্ত, সত্য দে, সুনীতি দত্ত, কালী চক্রবর্তী, ভোলা কয়াল, অমল মণ্ডল, কমল পাল, শ্যামল বসু ও অনু দত্ত, এবং নবাগতা শিবাণী বসু ।

**॥ আলোক নিয়ন্ত্রণে ॥** শম্ভু বন্দ্যোপাধ্যায়, নিতাই শীল, শৈলেন দত্ত, হরিপদ হাইত, জগু সিং, কালী চরণ ক্ষত্রী, সতীশ হালদার, কেষ্ট দাস, গজেন দাস, দুঃখীরাম নস্কর, অনিল পাল, বেণুধর বিশাল, রামখেলন ও মঙ্গল সিং ।

## ॥ কৃতজ্ঞতা স্বীকার ॥

ক্যালকাটা মেডিক্যাল কলেজ, হসপিটাল এপ্লায়েন্স প্রাঃ লিমিটেড, চন্দ্রকুমার ষ্টোর্স, সাদার্ণ ড্রাগ ষ্টোর্স, মিঃ, এ, জি, লকউড সুপারিণ্টেণ্ডেট অব টালীগঞ্জ হোমস, স্বাস্থ্য দপ্তর—পশ্চিমবঙ্গ সরকার, চালিহা রোলিং মিলস, অধীর নস্কর, জি, এম, ঘোষ, দিলীপ রায়চৌধুরী, পিটার দে ।

ষ্টুডিও সাপ্লাই কো-অপারেটিভ সোসাইটি ও নিউ থিয়েটার্স দুই এবং এক নম্বর ষ্টুডিওতে গৃহীত এবং আর, বি, মেহ্‌তার তত্বাবধানে ইণ্ডিয়া ফিল্ম ল্যাবোরেটরীজে পরিস্ফুটিত ।

॥ বিশ্বপরিবেশনা : **শ্রীরঞ্জিৎ পিকচার্স, কলিকাতা-১৩** ॥

# কাহিনী

সত্য, শঙ্কর, মণি......।

ওরা ছিল অভিন্নহৃদয় বন্ধু। তিনটি তরুণ প্রাণ। শপথ ছিল স্বপ্নের দেশ, স্বপ্নের পৃথিবী ; শপথ ছিল একের জন্যে অপরের আত্মত্যাগের মহৎ কল্পনা।

সময় এগিয়ে চলে। তিন বন্ধু বড় হয়ে ওঠে—একজন ডাক্তার, একজন ইঞ্জিনীয়ার ও আর একজনের ব্যারিষ্টার হবার সম্ভাবনায়।

সত্যর প্রস্তুতি চলে বিলেত যাত্রার। যাত্রাপথের দিগন্তে ছোট্ট একটু কালো মেঘ—শ্রীমতীর সংগে প্রেমের পথে এ যেন বিরহের অঙ্কুশ।

মন দেয়া-নেয়ার পালা শেষ হয়েছিল অনেকদিন। লোক চক্ষুর অন্তরালে শুভদৃষ্টি মালা বদলের পালা শেষ হয়েছে, দেহ মন প্রাণ একে অপরকে নিঃশেষে মিলিয়ে দিয়েছিল ওরা।

শঙ্কর ছিল রুড়কীতে। মণিমোহন তখন হাউস সার্জন। বিলেত যাত্রার ঠিক আগের দিন ঘটে গেল এক চরম বিপর্যয়।

সত্যকে আহত অবস্থায় পাওয়া গেল শ্রীমতীদের ছাদের চিলেকোঠার ঘরে। আর মণিমোহন ও শ্রীমতী এ ঘটনার আকস্মিকতায় একই সংগে আত্মগোপন করল।

শঙ্কর জড়িত হয়ে পড়ল মিথ্যা ষড়যন্ত্রের দায়ে। দুর্ঘটনার একমাত্র হাতিয়ার রিভলবারটি পাওয়া গেল তারই কাছে। যাবজ্জীবন কারাদণ্ডের আসামী শঙ্কর।





বিশ বছর কেটে গেছে। অনেক চড়াই উৎরাই বন্ধুর পথ পার হয়ে মণিমোহনের স্বপ্ন যেদিন সফল হতে চলেছে সেই আনন্দমুখর সানাইয়ের সুরে ছেদ টেনে দিল শঙ্কর—মূর্তিমান বিভীষিকার মত শ্রীমতীর মেয়ে নিয়তির বিয়ের দিনে। শপথ রক্ষার প্রতিহিংসা চরিতার্থ করতে।

তার উদ্যত রিভলবারের সামনে আজ শপথ ভ্রষ্ট মণিমোহনকে শাস্তি পেতেই হবে। শাস্তি পেতেই হবে শ্রীমতীকে।

কিন্তু ওরা কি সত্যি শপথ-ভ্রষ্ট হয়েছিল……?







# সংগীত

( ১ )

কথা : মিন্টু ঘোষ

কণ্ঠ : হেমন্ত মুখোপাধ্যায় ও অন্যান্য

ও আকাশ সোনা সোনা
এ মাটি সবুজ সবুজ
নতুন রঙের ছোঁয়ায় হৃদয় রেঙেছে
আলোর জোয়ারে খুশীর বাঁধ ভেঙেছে ॥
এই আছি এই নেই
আমি যেন পাখী মেলি পাখ্‌না
সীমানার সীমা ছেড়ে যাই দূর প্রান্তে
নীড় একা পড়ে থাকে থাক্ না।
ও সকাল আলো আলো
এ শিশির ঝলোমলো
নতুন রঙের ছোঁওয়ায় হৃদয় রেঙেছে
আলোর জোয়ারে খুশীর বাঁধ ভেঙেছে
যায় যদি যায় যাক্ এই মন হারিয়েই যাক্ না।
নিষেধের বাধা নেই ঐ নীল শূণ্যের
সব সীমা ছাড়িয়েই যাক্ না
এ বাতাস খুশী খুশী
ও পলাশ হাসি হাসি
নতুন রঙের ছোঁওয়ায় হৃদয় রেঙেছে
আলোর জোয়ারে খুশীর বাঁধ ভেঙেছে ॥

( ২ )

কথা :—পুলক বন্দ্যোপাধ্যায়।

কণ্ঠ : আরতি মুখোপাধ্যায়

মনে রেখো মোরে যদি আমি চলে যাই
আমার হৃদয়ে যে ছবি এঁকেছি
সে যে শুধু তোমারি, তোমারি, তোমারি
প্রথম বরষা যেদিন জীবনে এলো
খেয়ালী ময়ূর খুশীর মাধুরী পেলো
মরমী বীণায় যে গান রেখেছি
সে যে শুধু তোমারি, তোমারি, তোমারি
যে কথা বলিনি বলিতে পারিনি যারে
তোমারি সে কথা সাজায়ে রেখেছি
প্রাণের অলঙ্কারে।
প্রথম ফাগুণে জোছনা নিবিড় রাতে
ফুল রাখী আমি বেঁধেছি তোমার হাতে
যে আলোয় আমি আমারে দেখেছি
সে যে শুধু তোমারি, তোমারি, তোমারি।

( ৩ )

কথা :—মিন্টু ঘোষ।

কণ্ঠ : আরতি মুখোপাধ্যায়

ওগো বন্ধু আমার আঁধার রাতেই যদি এলে
হাতখানি রাখো মোর হাতে
আমি নির্ভয়, নির্ভয়—
তোমার হাতের ছোঁওয়া পেলে।
তুমি যে আমার জীবনে এনেছ পথের ঠিকানা
আমি ধন্য, ধন্য—
তোমার চরণ রেখা আমার পথে রেখে গেলে।
হাতখানি রাখো মোর হাতে
আমি নির্ভয়, নির্ভয়—
তোমার হাতের ছোঁওয়া পেলে।
তোমারি জয়ের পরশে করেছ আমারে বিজয়ী
ওগো বন্ধু, বন্ধু
তোমার আলোয় তুমি আমার হৃদয় রাখো জ্বেলে
হাতখানি রাখো মোর হাতে
আমি নির্ভয়, নির্ভয়—
তোমার হাতের ছোঁওয়া পেলে।

( ৪ )

কথা :—পুলক বন্দ্যোপাধ্যায়।

কণ্ঠ : হেমন্ত মুখোপাধ্যায়

নতুন নতুন রং ধরেছে সোনার পৃথিবীতে
যেন ভালবাসা ছড়িয়ে আছে নীল আকাশের গায়
আমায় দেখতে দাও আমায় দেখতে দাও
ওই মন ভোলানো রামধনু রং দেখতে দাও।
দুচোখ ভ'রে দেখবো আমি শিশুর মুখের হাসি
বুক ভরানো স্নেহমায়া স্বপ্ন রাশি রাশি
সব পেয়েছির স্বর্গ আমার মাটির সীমানায়।।
এ মন আমি বিছিয়ে দিলাম, সবার চলার পথে
তোমরা এসো খোলা হাওয়ায় খেয়াল খুশীর রথে এসো
তোমরা এসো ।।
আনন্দের এই নতুন দেশে
সাত'শ তলা গ'ড়ে
সুখে থাকো তোমরা সবাই পরকে আপন করে
আমায় দিও একখানি ঘর নীচের মহলায়।



## সমৃদ্ধ ঘোষণা

রবীন্দ্রনাথের
**বিসর্জন**
(ইষ্টম্যানকলার)

দিলীপকুমার
ওয়াহিদা রহমান
অভিনীত
**আদমী**
ইষ্টম্যানকলার
পরিচালনা এ. ভীমসিং
সংগীত নৌশাদ

শ্রীরঞ্জিৎমল কাঁকরিয়ার
**দাদু**
পরিচালনা
অজিত গাঙ্গুলী

তারাশঙ্করের
**মঞ্জরী অপেরা**
বাংলা ও বোম্বাই-এর
শিল্পীবৃন্দ

অনিমা চিত্রমের
**আদ্যাশক্তি মহামায়া**
পরিচালনা পূর্ণেন্দু রায়চৌধুরী
সংগীত সন্তোষ মুখার্জী

শ্রীরঞ্জিৎ পিকচার্স



শ্রীরঞ্জিৎ পিকচার্সের প্রচার সচিব নিতাই দত্ত কর্তৃক সম্পাদিত ও প্রকাশিত।

মুদ্রণ : ন্যাশনাল আর্ট প্রেস ॥ অলংকরণে : এস, স্কোয়ার ॥

পরিকল্পনা ও গ্রন্থনা : শ্রীপঞ্চানন ॥